

“ দু’টি সন্তানের বেশী নয় একটি হলে ভাল হয়”

বাংলাদেশ রেশম গবেষণা ও
প্রশিক্ষণ ইনস্টিটিউট
রাজশাহী-৬২০৭।



Bangladesh Sericulture Research &
Training Institute, Rajshahi-6207
Tel. No. 880-721-776296,
771704 & 771705 (PABX)
Fax. No. 880-721-770913
E-mail: bsrti@bttb.net.bd
www.bsrti.gov.bd

মহাপরিচালকের দপ্তর
তারিখঃ ০২/০৩/২০১৬।

স্মারক নং-বারেগপ্রই/রাজ/প্রশা-২৬৪/৭৭৭

“দরপত্র বিজ্ঞপ্তি”

বিষয়ঃ বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের প্রশিক্ষণ শাখা সংলগ্ন পুকুরের মাছ দরপত্রের মাধ্যমে বিক্রয়ের বিজ্ঞপ্তি।

এতদ্বারা মৎস্য ব্যবসায়ীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট চন্দ্রের প্রশিক্ষণ শাখা সংলগ্ন পুকুরের মাছ দরপত্রের মাধ্যমে বিক্রয় করা হবে। এ লক্ষ্যে প্রকৃত মৎস্য ব্যবসায়ীগণের নিকট থেকে মুখবন্ধ খামে নিম্নবর্ণিত শর্তে জরপত্র আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ-

১. দরদাতাকে মৎস্য ব্যবসায়ী সমিতির সদস্য হতে হবে।
২. অত্র প্রতিষ্ঠানের হিসাব শাখা হতে আগামী ০৩/০৩/২০১৬ হতে ১৩/০৩/২০১৬ তারিখ দুপুর ১-০০ ঘটিকা পর্যন্ত দরপত্রের সিডিউল সংগ্রহ করা যাবে।
৩. দরপত্রের সিডিউল সংগ্রহের জন্য সংশ্লিষ্ট মৎস্য ব্যবসায়ীকে নিজ প্রতিষ্ঠানের প্যাডে পরিচালক, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট বরাবরে আবেদন করতে হবে।
৪. অংশগ্রহণকারী মৎস্য ব্যবসায়ী/প্রতিষ্ঠানকে প্রমাণক হিসেবে মৎস্য ব্যবসায়ী সমিতির হালনাগাদ সদস্য সনদ ও জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৫. প্রতিষ্ঠান কর্তৃক প্রদানকৃত দরপত্রের সিডিউল অনুযায়ী দর প্রদান করতে হবে।
৬. উদ্ধৃত দর বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।
৭. সিলগালা যুক্ত দরপত্রের সাথে পরিচালক, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী বরাবরে অবশ্যই তফসিল ভুক্ত ব্যাংক হতে ২,০০০/- (দুই হাজার) টাকার বিডি/পে-অর্ডার জামানত হিসাবে দাখিল করতে হবে। জামানত ব্যতিত কোন দরপত্র গ্রহণ করা হবে না।
৮. আগ্রহী মৎস্য ব্যবসায়ীগণকে ১৪/০৩/২০১৬ তারিখে দুপুর ১.০০ ঘটিকার মধ্যে প্রতিষ্ঠানের নির্ধারিত দরপত্র বাজে সিলগালা যুক্ত খামে দরপত্র দাখিল করতে হবে।
৯. ১৪/০৩/২০১৬ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র খোলা ও মূল্যায়ন করা হবে।
১০. কার্যাদেশ প্রাপ্ত দরদাতার জামানতের অর্থের বিডি/পে-অর্ডার মাছের মূল্য পরিশোধের পর ফেরত প্রদান করা হবে।
১১. কার্যাদেশ প্রদানের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে কার্যাদেশে উল্লেখিত তারিখ ও সময়ে অত্র প্রতিষ্ঠানের পুকুর ব্যবস্থাপনা কমিটির তত্ত্বাবধানে সংশ্লিষ্ট পুকুর হতে প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় নিয়োজিত জেলে দ্বারা মাছ ধরে বিক্রয় করা হবে।
১২. সম্ভাব্য বিক্রয়যোগ্য মাছের আনুমানিক মূল্য বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মাছ ধরার পূর্বে পুকুর ব্যবস্থাপনা কমিটির প্রধানের নিকট অগ্রিম অর্থ হিসাবে জমা দিতে হবে।
১৩. ক্রয়কৃত মাছের মোট মূল্যের উপর সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও ট্যাক্স প্রদান করতে হবে।
১৪. বিক্রয়কৃত মাছ ওজন করে জমাকৃত অগ্রিম অর্থ মাছের মোট মূল্যের সহিত সমন্বয় করে মাছের মোট মূল্য গ্রহণান্তে দরদাতাকে মাছ প্রদান করা হবে।
১৫. ক্রয়কৃত মাছ ক্রেতাকে সংশ্লিষ্ট পুকুর হতে নিজস্ব ব্যবস্থাপনায় নিয়ে যেতে হবে।
১৬. কার্যাদেশে উল্লেখিত নির্ধারিত তারিখ ও সময়ে ক্রেতা মাছ সংগ্রহ করতে ব্যর্থ হলে জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে।
১৭. কোনরূপ কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০২/০৩/২০১৬
মোঃ জামাল উদ্দীন শাহ
(যুগ্ম-সচিব)
পরিচালক
বারেগপ্রই, রাজশাহী।

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে।

- ১) সচিব, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী
- ২) জেলা মৎস্য কর্মকর্তা, রাজশাহী।
- ৩) খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, রাজশাহী সদর, রাজশাহী।
- ৪) প্রশাসনিক কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
- ৫) স্টেশন মাস্টার, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।
- ৬) সভাপতি, মৎস্য ব্যবসায়ী সমিতি, রাজশাহী।
- ৭) সভাপতি, মৎস্য ব্যবসায়ী সমিতি, সাহেববাজার, রাজশাহী।
- ৮) সভাপতি, মৎস্য ব্যবসায়ী সমিতি, নিউমার্কেট বাজার, রাজশাহী।
- ৯) সভাপতি, মৎস্য ব্যবসায়ী সমিতি, শালবাগান বাজার, রাজশাহী।
- ১০) জনাব মোঃ সাখাওয়াত হোসেন, গবেষণা কর্মকর্তা, বারেগপ্রই কে দরপত্র বিজ্ঞপ্তি অত্র ইন্সটিটিউটের ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য বলা হ'ল।
- ১১) হিসাব রক্ষণ কর্মকর্তা, বারেগপ্রই, রাজশাহী।
- ১২) পিএ টু মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১৩) নোটিশ বোর্ড, বারেগপ্রই, রাজশাহী।
- ১৪) সংশ্লিষ্ট নথি।

“দরপত্র বিজ্ঞপ্তি”টি আপনার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।